**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 26/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# এই শরৎকালে এবং শীতকালে নিউ ইয়র্কবাসীদের শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত অসুস্থতা থেকে সুরক্ষিত করতে গভর্নর হোকল পদক্ষেপগুলো ঘোষণা করেছেন

***নিউইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর সতর্ক করেছে যে কোভিড-19, মরসুমি ফ্লু এবং শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত সিনসিশিয়াল ভাইরাসের কেসগুলো বাড়ছে; কিছু অঞ্চলে হাসপাতালের ধারণক্ষমতা সীমিত***

***গভর্নর ফ্লু এর টিকা নিয়েছেন এবং নিউইয়র্কবাসীদের ফ্লু এবং কোভিড-19 এর টিকা এবং বুস্টারগুলো নেওয়ার জন্য এবং শীতের আবহাওয়ার মাসগুলোতে দূরত্ব বজায় রাখা, মাস্ক পরা এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে উৎসাহিত করেছেন***

এই শরৎকালে যে শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ছে এবং সারা শীতকাল জুড়ে যা অবিরত থাকবে তার বিরুদ্ধে সচেতনতা বাড়াতে এবং তার থেকে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে নিউইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health) যে পদক্ষেপগুলো নিচ্ছে গভর্নর ক্যাথি হোকল আজ তা ঘোষণা করেছেন। মরসুমি ইনফ্লুয়েঞ্জা, কোভিড-19 এবং শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত সিনশিয়াল ভাইরাস সংক্রান্ত কেসগুলো বাড়ছে বলে, সেইসাথে বেশি ঠান্ডা আবহাওয়ার জন্য বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে বাড়িতে থাকতে হচ্ছে বলে স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা জনসাধারণকে সংক্রামক রোগের ছড়িয়ে পড়া থামানোর জন্য পদক্ষেপগুলো নেওয়ার সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন।

"প্রাণঘাতি শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত অসুখের বিরুদ্ধে আমাদের লড়াইতে আমরা পিছু হটব না — আমরা শীতকালের জন্য প্রস্তুত হচ্ছি এবং আমরা প্রস্তুত," **গভর্নর হোকল বলেন।** "আমরা যাতে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ এবং সুস্থ রাখি তা নিশ্চিত করতে হাসপাতাল এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিকে নির্দেশনা প্রদান করতে নিউ ইয়র্ক স্টেট পদক্ষেপ নিচ্ছে। আমাদের নিজেদের এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত অসুখের থেকে সুরক্ষিত রাখার সবথেকে ভালো উপায় হল টিকা নেওয়া, বুস্টারগুলো সম্পর্কে আপ টু ডেট থাকা এবং ভাল স্বাস্থ্যবিধি অনুসরণ করা।"

গভর্নর হোকল আজ তার মরসুমি ফ্লি এর টিকা নিয়েছেন এবং সংক্রমণ থেকে সুরক্ষিত থাকতে অন্যান্য নিউ ইয়র্কবাসীদের এই বছরের ফ্লু এর টিকা নেওয়ার সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন। ফ্লু এর টিকাটি 6 মাস বা তার বেশি বয়সী যে কারোর জন্য উপলভ্য এবং দুরারোগ্য অসুখ,

ছোটো বাচ্চা এবং গর্ভবতীদের - যাদের সকলের ইনফ্লুয়েঞ্জার কারণে গুরুতর জটিলতা হওয়ার একটি বেশি ঝুঁকি রয়েছে, তাদের জন্য সুপারিশ করা হয়।

এই শরৎকালের শুরুর দিকে, স্টেট স্বাস্থ্য দপ্তর (Department of Health, DOH) হাসপাতাল, স্থানীয় স্বাস্থ্য দপ্তর, ল্যাবরেটরি, এমার্জেন্সি রুম এবং পারিবারিক ওষুধ সরবরাহকারী, প্রাথমিক পরিচর্যা, শিশুরোগ, কিশোর ওষুধ, সংক্রামক রোগ, নিউরোলজি এবং সংক্রমণ নিয়ন্ত্রক চিকিৎসকদের জন্য একটি স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শের বিজ্ঞপ্তি (Health Advisory Notice) জারি করেছে। একটি বিশেষ ভাইরাসকে নির্দিষ্ট না করে, বিজ্ঞপ্তিটি এই ধরনের অসুস্থতা থেকে হাসপাতালে ভর্তি বেড়ে যাওয়াকে হাইলাইট করেছে এবং ফেডারেল রিসোর্সগুলো প্রদান করেছে।

শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত ভাইরাসগুলো থেকে সর্বোত্তম প্রতিরক্ষা হল মরসুমি ফ্লু এবং কোভিড টিকাগুলো নেওয়া, কোভিড-19 বুস্টারগুলো সম্পর্কে আপ টু ডেট থাকা (যোগ্য ব্যক্তিবর্গের জন্য সম্প্রতি অনুমোদিত কোভিড-19 বাইভ্যালেন্ত বুস্টার সহ), সামাজিক দুরত্ব বজায় রাখা, ভীড় থাকা জায়গায় মাস্ক পরা এবং ঘনঘন হাত ধোওয়া সহ যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা।

স্বাস্থ্য দপ্তর (DOH) আঞ্চলিক হাসপাতালের ধারণক্ষমতা পর্যবেক্ষণ করছে এবং জরুরি বিভাগ এবং ইনপেশেন্ট ইউনিটগুলোতে স্বাভাবিকের থেকে বেশি রোগী হতে পারে এমন হাসপাতাল এবং স্বাস্থ্য সেবা সিস্টেমগুলোকে জড়িত করছে। আপনি অসুস্থ হলে এবং একটি শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত ভাইরাসের উপসর্গগুলো দেখা গেলে, আপনার প্রাথমিক পরিচর্যা প্রদানকারীর সাথে পরামর্শ করুন।

**নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন,** "যেহেতু কোভিড-19, ইনফ্লুয়েঞ্জা এবং শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত সিনশিয়াল ভাইরাস (respiratory syncytial virus, RSV) সহ শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত ভাইরাসের মরসুম আরম্ভ হয়েছে, এই তিনটি অসুখের উপসর্গগুলো আলাদা নাও করা যেতে পারে এবং বেশিরভাগ বড় বাচ্চাদের ক্ষেত্রে এই অসুস্থতাগুলো মৃদু। আমরা যখন একটি RSV টিকার জন্য অপেক্ষা করছি তখন বাবা-মা এবং অভিভাবকদের জন্য আমাদের দুটি সোজাসাপ্টা বার্তা: নিশ্চিত করুন যেন আপনার শিশু তাদের কোভিড-19 টিকা সম্পর্কে আপ টু ডেট থাকে এবং 6 মাস বা তার থেকে বেশি বয়সী শিশুরা যেন একটি ফ্লু এর টিকা নেয়। এমনকি আপনার শিশু অসুস্থ হলেও, টিকা নেওয়ার প্রভাবে অসুস্থতার গুরুতরতা কম হবে। আপনি আপনার শিশুর সম্পর্কে উদ্বিগ্ন হলে, একজন শিশু রোগ বিশেষজ্ঞ বা অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন। আপনার সদ্যজাত শিশু অপরিণত ভাবে জন্মালে বা অন্য কোনও ভাবে দুর্বল হলে, আপনার আগে থেকে চিকিৎসা সংক্রান্ত পরামর্শ নেওয়া উচিৎ।"

**শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত সিনশিয়াল ভাইরাস**

শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত সিনশিয়াল ভাইরাস একটি মরসুমি সংক্রমণ যা 6 মাসের কম বয়সী শিশু এবং দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন ব্যক্তিবর্গকে ঝুঁকির সম্মুখীন করে, যার উপসর্গগুলো হল সাধারণ সর্দি কাশির অনুরূপ, একটি ক্রমাগত কাশি এবং ঘরঘর শব্দ হওয়া থেকে জ্বর। যেখানে

এই সাধারণ ভাইরাসটি সাধারণত শরৎকালে এবং শীতের মাসগুলোতে ছড়ায়, DOH আধিকারিকরা নিউ ইয়র্কে এই বছরের শুরুতে RSV কেসগুলো দেখছেন।

RSV সম্পর্কে সচেতনতা বাড়াতে, DOH, স্বাস্থ্য সেবা এবং শিশু পরিচর্যা সরবরাহকারী উভয়ের সাথে কথোপকথনের মধ্যে শিক্ষামূলক এবং প্রতিরোধ সংক্রান্ত বার্তা প্রদান অন্তর্ভুক্ত করা সহ একটি তথ্যমূলক সতর্কতা প্রদান করবে। এটির সংক্রমণ এবং অন্যান্য ভাইরাস ঘটিত শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত অসুস্থতা সম্পর্কে গুরুত্বপূর্ণ বার্তা অন্তর্ভুক্ত করতে DOH, ডাঃ বাসেট এর থেকে একটি ভিডিও বার্তার মাধ্যমে বক্তব্যটি ছড়িয়ে দিতে সোশ্যাল মিডিয়াকেও ব্যবহার করবে এবং তার ওয়েবসাইটে তথ্য আপডেট করছে।

RSV-র জন্য কোনও টিকা না থাকলেও, এর জন্য পরীক্ষা-নিরীক্ষা এবং চিকিৎসা বিমার আওতাভুক্ত। RSV বা অন্যান্য যে কোনও চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয় পরিচর্যার জন্য আওতাভুক্তির সমস্যার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা দপ্তর (Department of Financial Services) এর কাছে একটি অভিযোগ দায়ের করতে পারেন।

## মরসুমি ইনফ্লুয়েঞ্জা

RSV-র মতো, প্রারম্ভিক ডেটা নির্দেশ করছে যে এই বছর ফ্লু এর মরসুম স্বাভাবিকের থেকে আগে শুরু হচ্ছে, আর এই কারণেই DOH নিউ ইয়র্কবাসীদের তাদের বাৎসরিক ফ্লু এর টিকা নিতে দেরি না করার সনির্বন্ধ অনুরোধ করছে। এজেন্সি স্টেট জুড়ে ফ্লু কেসগুলো দেখানোর জন্য, অক্টোবর থেকে পরের ক্যালেন্ডার বছরের মে পর্যন্ত, ফ্লু নজরদারি মরসুম জুড়ে একটি সাপ্তাহিক ট্র্যাকার রক্ষণাবেক্ষণ করে।

প্রাপ্ত বয়স্কদের নিজেদের এবং 6 মাসের বেশি বয়সী শিশুদের ফ্লু এবং কোভিড-19 টিকা দেওয়ার কথা স্মরণ করিয়ে দেওয়ার জন্য এই মাসের শুরু দিকে DOH তার বার্ষিক জনশিক্ষা ক্যাম্পেইন চালু করেছে। অক্টোবর 26 পর্যন্ত আনুমানিক 3 মিলিয়ন ইনফ্লুয়েঞ্জার টিকা দেওয়া হয়েছে।

## কোভিড-19

একই সাথে, নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 সংক্রমণের ক্ষেত্রে একটি বৃদ্ধির প্রণোদনা প্রত্যক্ষ করছে, যা পরপর দুই বছর ধরে শরৎকাল ও শীতকালের মাসগুলোতে হঠাৎ বেড়ে গেছিল। এখনও পর্যন্ত কেসের সংখ্যা নিয়ন্ত্রণে রয়েছে - প্রত্যেক অঞ্চলে প্রতি 100,000 মানুষের মধ্যে 10 এবং 25 জন মতোর মধ্যে - যদিও হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যা বাড়ছে এবং এখন প্রত্যেক অঞ্চলে প্রতি 100,000 জনের মধ্যে মোটামুটি দুই থেকে তিন জনের মধ্যে রয়েছে।

কোভিড-19, অসামঞ্জস্যপূর্ণভাবে, বয়স্ক ব্যক্তিবর্গ এবং দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা যুক্ত দুর্বল জনসংখ্যাকে প্রভাবিত করেছে। গত আট সপ্তাহ ধরে, কোভিড এর কারণে হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে শতকরা 60 ভাগ রোগী 65 বছর বা তার বেশি বয়সী।

গত গ্রীষ্মে গড়ে তোলা শরৎকালের অ্যাক্সন প্ল্যান অনুযায়ী, এই শরৎকালে ও শীতকালে সংক্রমণের একটি হঠাৎ বৃদ্ধির সম্ভাবনার জন্য স্টেটের প্রস্তুতি বাড়ানোর ক্ষেত্রে DOH পদক্ষেপ

নেওয়া অব্যাহত রেখেছে। স্টেট জুড়ে স্কুলগুলিতে 2.6 মিলিয়নেরও বেশি বাড়িতে কোভিড-19 টেস্ট বন্টিত হয়েছে, সেইসাথে পরের বছরের জন্য আরও 30 মিলিয়ন টেস্ট উপলভ্য করে রাখা আছে।

কোভিড-19 টিকা এবং বাইভ্যালেন্ট বুস্টারগুলি, যা 5 বছর এবং তার বেশি বয়সী শিশুদের সংক্রমণের থেকে রক্ষা করতে দেওয়া যেতে পারে, সেগুলোকে উৎসাহিত করতে এজেন্সি, সরবরাহকারী এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলির সাথেও কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করছে। ফ্লু এবং কোভিড-19 টিকা নেওয়ার পাশাপাশি, এই শরতে এবং শীতকালে RSV, ফ্লু এবং কোভিড-19 ভাইরাসগুলোর সংস্পর্শে আসা এবং ছড়িয়ে পড়া এড়ানোর কয়েকটি বাস্তব উপায় রয়েছে:

- নিজেকে জীবাণুর হাত থেকে সুরক্ষিত রাখতে এবং অন্যদের মধ্যে তা সংক্রমণ হতে না দেওয়ার জন্য বার বার সাবান ও গরম জল দিয়ে অন্তত 20 সেকেন্ড ধরে হাত ধুন।
- যেখানে সাবান ও জল পাওয়া যায় না সেখানে অন্তত 60 শতাংশ অ্যালকোহোল থাকা একটি অ্যালকোহোল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সাথে রাখুন।
- আপনার হাতের মধ্যে হাঁচবেন না বা কাশবেন না। বরং, আপনার মুখ এবং নাক একটি টিস্যু দিয়ে ঢাকুন।
- আপনি অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার উপসর্গগুলো থাকলে একটি মাস্ক পরুন যা আপনার নাক ও মুখ ঢেকে রাখে।

কোভিড-19 সংক্রমণের জন্য DOH বর্জ্যপানি তদারকি সম্পন্ন ক্রা অব্যাহত রাখছে, যা স্টেট জুড়ে হঠাৎ বৃদ্ধির সম্ভাবনা সনাক্ত করতে স্বাস্থ্য আধিকারিকদের সক্ষম করবে। একইরকম ভাবে, যে সমস্ত কমিউনিটিতে টিকাকরণের হার কম সেখানে এই গুরুত্বপূর্ণ সুরক্ষা সরবরাহ করতে অতিরিক্ত পপ-আপগুলো সেট আপ করতে এজেন্সি স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলির সাথে সমন্বয় সাধন অবিরত রাখবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418